# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
# রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

## বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নম্বর : ০৩/জে.এস.সি(নিব:)/ বি.প তারিখ: ১১/০৯/২০১৭ ইং

বিষয় ঃ ২০১৭ সালের ৮ম শ্রেণির (J.S.C) মুদ্রিত রেজিস্ট্রেশন কার্ড গ্রহণ ও প্রদান প্রসঙ্গে।

রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন স্বীকৃতিপ্রাপ্ত নিম্নমাধ্যমিক, মাধ্যমিক বিদ্যালয়, স্কুল এন্ড কলেজের প্রধান শিক্ষক/অধ্যক্ষগণ এবং ৮ম শ্রেণির পাঠদানের অনুমতি প্রাপ্ত সরকারি প্রাথমিক বিদ্যালয় সমূহের প্রধান শিক্ষকগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে ২০১৭ সালে ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড থানা/উপজেলা ও জেলাওয়ারী বিতরণ, শিক্ষার্থীদের স্বাক্ষরসহ জমা এবং সীলমোহরযুক্ত রেজিস্ট্রেশন কার্ড প্রদানের তারিখ নিম্নরূপ ভাবে নির্ধারণ করা হয়েছে।

| ক্রমিক নম্বর | থানা/ উপজেলার নাম | জেলার নাম | রেজিস্ট্রেশন কার্ড বিতরণের তারিখ | শিক্ষার্থীদের স্বাক্ষরসহ জমাদানের তারিখ | সীলমোহরযুক্ত রেজিস্ট্রেশন কার্ড প্রদানের তারিখ | বিশেষ জ্ঞাতব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | চাঁপাই নবাবগঞ্জ সদর, শিবগঞ্জ(নবাবগঞ্জ), নাচোল, গোমস্তাপুর, ভোলাহাট | চাঁপাইনবাবগঞ্জ | ১৭/০৯/২০১৭ | ০২/১০/২০১৭ | ১৫/১০/২০১৭ | ১নং ক্রমিকের নির্দেশনা অবশ্যই পালন করতে হবে এবং সীলমোহর দেয়ার জন্য বাঁধাইকৃত রেজিস্ট্রেশন কার্ড সংশ্লিষ্ট শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার মাধ্যমে জমা দিতে হবে। অন্যথায় কোন জটিলতা সৃষ্টি হলে প্রতিষ্ঠান প্রধানকে জবাবদিহি করতে হবে এবং তার দায়ভার বহন করতে হবে। |
| ২. | নাটোর সদর, সিংড়া, বড়াইগ্রাম, নলডাঙ্গা, গুরুদাসপুর, লালপুর, বাগাতিপাড়া | নাটোর | ১৮/০৯/২০১৭ | ০৩/১০/২০১৭ | ১৬/১০/২০১৭ | |
| ৩. | বোয়ালিয়া, রাজপাড়া, মতিহার, শাহমখদুম, বাগমারা, গোদাগাড়ী, তানোর, বাঘা, মোহনপুর, দুর্গাপুর, পুঠিয়া, চারঘাট, পবা | রাজশাহী | ১৯/০৯/২০১৭ | ০৪/১০/২০১৭ | ১৭/১০/২০১৭ | |
| ৪. | পাবনা সদর, ঈশ্বরদী, ভাঙ্গুড়া, ফরিদপুর, আটঘরিয়া, সুজানগর, সাঁথিয়া, চাটমোহর, বেড়া | পাবনা | ২০/০৯/২০১৭ | ০৫/১০/২০১৭ | ১৮/১০/২০১৭ | |
| ৫. | নওগাঁ সদর, মহাদেবপুর, পত্নীতলা, রানীনগর, নিয়ামতপুর, পোরশা, মান্দা, আত্রাই, বদলগাছী, ধামইরহাট, সাপাহার | নওগাঁ | ২১/০৯/২০১৭ | ০৮/১০/২০১৭ | ১৯/১০/২০১৭ | |
| ৬. | সিরাজগঞ্জ সদর, শাহজাদপুর, উল্লাপাড়া, বেলকুচি, কাজিপুর, তাড়াশ, রায়গঞ্জ, কামারখন্দ, চৌহালী | সিরাজগঞ্জ | ২৪/০৯/২০১৭ | ০৯/১০/২০১৭ | ২২/১০/২০১৭ | |
| ৭. | বগুড়া সদর, ধুনট, আদমদিঘী, শেরপুর, শিবগঞ্জ(বগুড়া), সারিয়াকান্দি, নন্দীগ্রাম, দুপচাচিয়া, সোনাতলা, গাবতলী, কাহালু, শাজাহানপুর | বগুড়া | ২৫/০৯/২০১৭ | ১০/১০/২০১৭ | ২৩/১০/২০১৭ | |
| ৮. | জয়পুরহাট সদর, কালাই, আক্কেলপুর,পাঁচবিবি, ক্ষেতলাল | জয়পুরহাট | ২৬/০৯/২০১৭ | ১১/১০/২০১৭ | ২৪/১০/২০১৭ | |

১. রেজিস্ট্রেশন কার্ড গ্রহণের সময় রেজিস্ট্রেশন ফি জমা রসিদের ফটোকপিসহ নিজস্ব প্রতিষ্ঠানের মূল প্যাডে আবেদন করতে হবে। ফটোকপি প্যাডে আবেদন গ্রহণযোগ্য নয়।প্যাডে ডাকঘর,থানা/উপজেলা,জেলা,EIIN,Educational Institution Identification Number), প্রধান শিক্ষক/অধ্যক্ষের মোবাইল নম্বর এবং প্রতিষ্ঠানের নিজস্ব E-mail Address অবশ্যই উল্লেখ থাকতে হবে।

২. প্রত্যেক থানা/উপজেলার জন্য নির্ধারিত তারিখে রেজিস্ট্রেশন কার্ড গ্রহণের পর যাচাই বাছাই করে যে সকল বিদ্যালয়ের হার্ড কপিতে নাম থাকা সত্ত্বেও রেজিস্ট্রেশন কার্ড মুদ্রণ হয়নি, সে সকল প্রতিষ্ঠান হার্ড কপির ঝকঝকে ফটোকপি সংযুক্ত করে উল্লিখিত নিজ নিজ থানা/উপজেলাওয়ারী রেজিস্ট্রেশন কার্ড গ্রহণের শেষ তারিখ হতে ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে কাঙ্খিত রেজিস্ট্রেশন কার্ডের জন্য নিম্নস্বাক্ষরকারী বরাবর আবেদন করতে পারবেন। ০৪(চার) কপি পাসপোর্ট সাইজের পরিষ্কার ছবিসহ ০২ সেট আবেদন জমা দিতে হবে।

৩. যদি রেজিস্ট্রেশন কার্ডে কোনরূপ ভুল থাকে তাহলে সংশোধনী ফি সহ নির্ধারিত তারিখের মধ্যে আবেদন করে সংশোধিত রেজিস্ট্রেশন কার্ড গ্রহন করতে হবে। প্রতিষ্ঠানের সকল ভুল রেজিস্ট্রেশন কার্ড সংশোধন অন্তে নিয়মানুযায়ী বই বাঁধাই করতে হবে।

৪. রেজিস্ট্রেশন কার্ড গ্রহণ ও সার্বিক সংশোধন শেষে রেজিস্ট্রেশন নম্বরের ক্রমানুসারে সাজিয়ে (১০০ জন শিক্ষার্থী হিসেবে) প্রতিটি বই হার্ডবোর্ড দিয়ে বাঁধাই করতে হবে এবং E-mail Address, phone/Mobile, EIIN (Educational Institution Identification Number), ডাকঘর, থানা/উপজেলা ও জেলার নাম সম্বলিত নিজস্ব প্রতিষ্ঠানের মূল প্যাডে প্রতিটি বই এর প্রথম রেজিস্ট্রেশন নম্বর থেকে শেষ রেজিস্ট্রেশন নম্বর উল্লেখ পূর্বক মোট রেজিস্ট্রেশন কার্ডের সংখ্যা লিখে (বড় অক্ষর ও সংখ্যা কম্পোজ করবেন) আঠা দিয়ে সংযুক্ত করতে হবে। একাধিক বই হলে বই নম্বর অবশ্যই লিখতে হবে।

৫. নির্ধারিত তারিখের মধ্যে রেজিস্ট্রেশন কার্ড গ্রহণ ও জমাদানে ব্যর্থ হলে প্রতিদিনের জন্য প্রতিষ্ঠান প্রতি ১০০/-(একশত) টাকা হারে জরিমানা অত্র শিক্ষা বোর্ডের সচিবের অনুকূলে ( সোনালী সেবার মাধ্যমে) জমা দিয়ে জে.এস.সি নিবন্ধন শাখা হতে রেজিস্ট্রেশন কার্ড গ্রহণ ও জমা করতে পারবেন।

৬. রেজিস্ট্রেশন কার্ড গ্রহণের সময় রেজিস্ট্রেশন সংক্রান্ত ফিস জমা রসিদের ফটোকপি ও রাজশাহী শিক্ষা বোর্ড কর্তৃক পাঠদানের অনুমতি,একাডেমিক স্বীকৃতি,স্বীকৃতি নবায়ন পত্রের ফটোকপি আবেদন পত্রের সঙ্গে অবশ্যই দাখিল করতে হবে।

বিশেষ দ্রষ্টব্য ঃ- রেজিষ্ট্রেশন কার্ডে যে কোন ধরনের ভুল জরুরী ভিত্তিতে সংশোধনের জন্য আগামী ১৫/১০/২০১৭ ইং তারিখের মধ্যে রেজিষ্ট্রেশন কার্ড প্রতি ১২৫/-(একশত পঁচিশ) টাকা ও নির্ধারিত সময় অতিক্রম হলে পরীক্ষা শুরুর আগের দিন পর্যন্ত ২৫০/-(দুই শত পঞ্চাশ) টাকা এবং পরীক্ষার শুরু হতে শেষ পর্যন্ত ৫০০/- (পাঁচ শত) টাকা হারে সংশোধনী ফি রাজশাহী শিক্ষা বোর্ডের সচিবের অনুকূলে (সোনালী সেবার মাধ্যমে) জমা দিয়ে নিম্নস্বাক্ষরকারী বরাবর আবেদন করতে হবে । আবেদন পত্রের সঙ্গে শিক্ষার্থীর নাম, পিতা, মাতার নাম ও জন্ম তারিখ সংশোধনের ক্ষেত্রে প্রতিষ্ঠানের ভর্তি রেজিষ্ট্রার,পিইসি সনদ, জন্ম নিবন্ধন কার্ড,পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্র এর ফটোকপি সংযুক্ত করতে হবে। রেজিষ্ট্রেশন কার্ডের ঝকঝকে ফটোকপিতে উল্লিখিত ভুল অংশটুকু কেটে লাল কালি দিয়ে প্রার্থীত সংশোধন পূর্বক ০২ সেট আবেদন জমা দিতে হবে। ছবি সংশোধনের ক্ষেত্রে ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের পরিষ্কার ছবিসহ ০২ সেট আবেদন জমা দিতে হবে। সংশোধন ফি দাখিলের রসিদসহ আবেদন সরাসরি জে.এস.সি নিবন্ধন শাখায় জমা দিতে হবে।

উল্লেখ্য পরীক্ষা শুরু হবার পূর্ব দিন পর্যন্ত ছবি সংশোধন করা যাবে।

(প্রফেসর দেবাশীষ রঞ্জন রায়)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
ফোন : ০৭২১-৭৭৫৭৬৮ (অফিস)

স্মারক নম্বর : ১/জে.এস.সি(নিব:)/১৭১(৩৫০০) বি.প

তারিখ: ১১/০৯/২০১৭ ইং

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হ'ল :

১. রাজশাহী শিক্ষা বোর্ড কর্তৃক পাঠদানের অনুমতি প্রাপ্ত/স্বীকৃতি প্রাপ্ত সকল নিম্নমাধ্যমিক, মাধ্যমিক বিদ্যালয়, স্কুল এন্ড কলেজের প্রধান শিক্ষক/অধ্যক্ষগণ এবং ৮ম শ্রেণির পাঠদানের অনুমতি প্রাপ্ত সরকারি প্রাথমিক বিদ্যালয় সমূহের প্রধান শিক্ষকগণ।

২. সচিব/পরীক্ষা নিয়ন্ত্রক/উপ-পরিচালক (হিঃওনিঃ)/সিনিয়র সিস্টেম এনালিস্ট (চঃদাঃ)/প্রধান মূল্যায়ন অফিসার (চঃ দাঃ)/উপ-সচিব(প্রশাসন)/(ভান্ডার)/চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব/নিরাপত্তা অফিসার/হিসাব(আয়)শাখা/জে.এস.সি পরীক্ষা শাখা/পত্রগ্রহণ শাখা/সংস্থাপন শাখা/বৃত্তি ও সিলেবাস শাখা,অত্র শিক্ষা বোর্ড।

১১/০৯/১৭

(প্রফেসর দেবাশীষ রঞ্জন রায়)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
ফোন : ০৭২১-৭৭৫৭৬৮ (অফিস)